“তোমরা হালকা ও মোটা রেশমী কাপড় পরিধান করবে না, আর তোমরা সোনা বা রোপার পাত্রে পানও করবে না, এটা দ্বারা নির্মিত থালা-বাসনে কিছু খাবেও না; কেননা এটা দুনিয়াতে তাদের জন্য আর আমাদের জন্য এটি থাকবে আখিরাতে।”

আব্দুর রহমান ইবনু আবী লাইলা হতে বর্ণিত, তিনি বলেছেন, তারা একদা হুযাইফা (রদিয়াল্লাহু আনহু)-এর কাছে ছিলেন, তখন হুযাইফা পানি চাইলে একজন অগ্নিপূজক তাকে পানি দিল, যখন সে তার পাত্রটি হুযাইফার হাতে দিলেন, তখন তিনি তা ছুড়ে ফেলে দিলেন, আর বললেন: যদি আমি তাকে একবার বা দুইবারেরও বেশী এ ব্যাপারে নিষেধ না করতাম, -যেমন তিনি
বলছিলেন-: তাহলে আমি একাজ করতাম না। কিন্তু আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: “তোমরা হালকা ও মোটা রেশমী কাপড় পরিধান করবে না, আর
তোমরা সোনা বা রোপার পাত্রে পানও করবে না, এটা দ্বারা নির্মিত থালা-বাসনে কিছু
খাবেও না; কেননা এটা দুনিয়াতে তাদের জন্য আর আমাদের জন্য এটি থাকবে আখিরাতে।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুরুষদেরকে সব ধরণের রেশমী পোষাক পরিধান করা থেকে নিষেধ করেছেন। আর নারী-পুরুষ উভয়কেই সোনা বা রোপার পান-পাত্র অথবা থালা-বাসনে খাবার খেতে অথবা পান করতে নিষেধ করেছেন। এবং তিনি আরো জানিয়েছেন যে, এটা কিয়ামাতের দিনে মুমিনদের জন্য খাস; কেননা তারা দুনিয়াতে আল্লাহর আনুগত্যের কারণে তা থেকে দূরে থেকেছে। অপরপক্ষে আখিরাতে কাফিরদের জন্য এটির অনুমতি থাকবে না; কেননা তারা দুনিয়াতে তাদের জীবদ্দশায় তা আগেই ব্যবহার করেছিল এবং আল্লাহর আদেশের লঙ্ঘন করেছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/2985